

তথ্য কমিশনের ২০/০৮/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশনে আজ ০৮টি অভিযোগের শুনানীশেষে ০৩টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০৪টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে জয়পুরহাট পুলিশ সুপার কার্যালয়ের অতিরিক্ত পুলিশ সুপার, ঝালকাঠি এলজিইডি এর নির্বাহী প্রকৌশলী এবং কিশোরগঞ্জ পুরান থানার টেলিটক গ্রাহক সেবা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। কিশোরগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের তথ্য শাখার সহকারী কমিশনারের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

অন্যদিকে রংপুর পুলিশ ট্রেনিং সেন্টারের কমান্ড্যান্ট, বরিশালের বাকেরগঞ্জ পৌরসভার অফিস সহকারী, বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সাধারণ সম্পাদক এবং জনতা ব্যাংক লিমিটেডের মতিঝিল কর্পোরেট শাখার মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব  
নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাদ্দেদ।

স্বাক্ষরিত/-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd